

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা

২০১৮-১৯ অর্থবছরের এডিপি'তে বৈদেশিক সহায়তা প্রাক্কলন নির্ধারণের জন্য অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আমিনুল বর চৌধুরী, যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

তারিখ : ০৪.০৩.২০১৮ খ্রিঃ

সময় : বেলা ১১.০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রঃ	নাম	পদবী	দপ্তর
০১	জনাব কাজী মোস্তাফিজুর রহমান	কমিশনার, ঢাকা (দক্ষিণ)	জাতীয় রাজস্ব বোর্ড
০২	জনাব মোঃ সেলিম রেজা	উপ-প্রকল্প পরিচালক	এসজিএমপি
০৩	জনাব মোঃ আব্দুল আখের	সিনিয়র সহকারী প্রধান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০৪	জনাব মোঃ খায়রুল আলম	উপ-কমিশনার	ভ্যাট অনলাইন প্রকল্প
০৫	জনাব মোঃ রিয়াদুল ইসলাম	সহকারী কমিশনার	জাতীয় রাজস্ব বোর্ড
০৬	জনাব মোঃ শরীফুল ইসলাম	সহকারী রাজস্ব অফিসার	ভ্যাট অনলাইন প্রকল্প

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির আহ্বানে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করে বলেন যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন মোট ৩ (তিন) টি উন্নয়ন প্রকল্পে বৈদেশিক সহায়তা রয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে উক্ত তিনটি প্রকল্পে আগামী ২০১৮-১৯ অর্থবছরে কী পরিমাণ বৈদেশিক সহায়তার আবশ্যিক হবে তা জানতে চেয়ে পত্র দিয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে অদ্যকার সভাটি আহবান করা হয়েছে। সভায় প্রকল্পের বাস্তবায়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তাদের সাথে আলোচনাপূর্বক প্রাক্কলন প্রস্তাব চূড়ান্ত করা সমীচীন হবে।

৩.১ আলোচনার সূত্রপাত করে সভাপতি বলেন যে চলতি ২০১৭-১৮ অর্থবছরে বৈদেশিক অর্থের ব্যবহারের ভিত্তিতে পরবর্তি ২০১৮-১৯ অর্থবছরের প্রাক্কলন করা যৌক্তিক হবে। এ প্রসঙ্গে সিনিয়র সহকারী প্রধান বলেন, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো বাস্তবায়ন প্রকল্পে বর্তমান আরএডিপি'তে মোট ৪৫.০০ (জিওবি ৫.০০ ও প্রকল্প সাহায্য ৪০.০০) কোটি টাকা প্রস্তাব করা হলেও এ পর্যন্ত কোনো অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। এমনকি, অর্থ অবমুক্তির প্রস্তাবও প্রেরণ করা হয়নি। জবাবে সভায় প্রকল্পের পক্ষে উপস্থিত ঢাকা (দক্ষিণ) -এর কমিশনার বলেন যে, প্রকল্পের জন্য একজন প্রকল্প পরিচালক নিযুক্ত না হওয়ায় প্রকল্পের কার্যাদি শুরু করা যাচ্ছে না। তবে, আগামী অর্থবছরে প্রকল্পের কাজ পুরোদমে বাস্তবায়ন করা সম্ভব হবে। সে কারণে ২০১৮-১৯ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ১৩০.০০ কোটি টাকার বৈদেশিক সাহায্যসহ মোট ১৮০.০০ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন হবে। সভায় বর্তমান অর্থবছরের অর্থ অব্যয়িত থাকার পরিপ্রেক্ষিতে এ প্রকল্পের অনুকূলে আগামী অর্থবছরে মোট ৫০.০০ কোটি টাকার বৈদেশিক সাহায্য বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২ আলোচনায় অংশ নিয়ে স্ট্রেন্জেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক বলেন যে, সম্প্রতি পরিকল্পনা কমিশনে এ প্রকল্পের ২য় সংশোধিত (প্রস্তাবিত) ডিপিপি'র ওপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত

সভায় প্রকল্পের ব্যয় ও মেয়াদ না বাড়িয়ে প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত করার ওপর গুরুত্ব আরোপ করায় প্রকল্প পরিচালক মহোদয় প্রকল্পটি জুন, ২০১৮ মাসেই সমাপ্ত করবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সে কারণে আগামী অর্থবছরে এ প্রকল্পের অনুকূলে কোনো অর্থ বরাদ্দের প্রয়োজন হবে না। সভাপতি মহোদয় এ বিষয়ে প্রকল্প দপ্তরকে লিখিত প্রস্তাব প্রেরণের পরামর্শ দেন।

৩.৩ ভ্যাট অনলাইন প্রকল্পের প্রতিনিধি সভায় জানান যে, প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুমোদনে বিলম্ব হওয়ায় বর্তমান অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ ব্যয় করা সম্ভব হয়নি। তবে, সম্প্রতি একনেক কর্তৃক প্রকল্পের সংশোধন অনুমোদিত হওয়ায় আগামী অর্থবছরে প্রকল্পের অনুকূলে ১১০.৩০ কোটি টাকার বৈদেশিক সাহায্যসহ মোট ১৫৮.১৯ কোটি টাকা বরাদ্দের প্রয়োজন হবে। সভায় প্রকল্প দপ্তরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে প্রকল্পের অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে মোট ১১০.০০ কোটি টাকা বৈদেশিক সাহায্য বরাদ্দের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

#### ৪.০ সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

- ৪.১ বর্তমান অর্থবছরের অর্থ অব্যয়িত থাকার পরিপ্রেক্ষিতে ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো বাস্তবায়ন প্রকল্পের অনুকূলে আগামী অর্থবছরে মোট ৫০.০০ কোটি টাকার বৈদেশিক সাহায্যের প্রাক্কলন করা যেতে পারে;
- ৪.২ জুন, ২০১৮ মাসে সমাপ্ত বিধায় স্ট্রেংদেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রকল্পের অনুকূলে আগামী অর্থবছরে কোনো অর্থ বরাদ্দ করার প্রয়োজন হবে না মর্মে প্রকল্প সমাপ্তকরণের বিষয়ে প্রকল্প পরিচালক সুস্পষ্ট লিখিত প্রস্তাব অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করবেন; এবং
- ৪.৩ প্রকল্প দপ্তরের প্রস্তাব মোতাবেক ভ্যাট অনলাইন প্রকল্পের অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে মোট ১১০.০০ কোটি টাকা বৈদেশিক সাহায্য বরাদ্দের প্রাক্কলন করা যায়।

৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।


স্বাক্ষরিত/- ১১.০৩.২০১৮  
(মোঃ আমিনুল বর চৌধুরী)  
যুগ্ম-সচিব

নং ০৮.০০.০০০০.০৩৯.২৯.০১৩.১৩(অংশ-১).৬৩/১৩(৪)

তারিখঃ ১১.০৩.২০১৮ খৃঃ

#### বিতরণঃ

- ০১। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক, স্ট্রেংদেনিং গভর্ন্যান্স মেনেজমেন্ট প্রকল্প, এনবিআর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। জনাব খন্দকার আমিনুর রহমান, সদস্য (শুদ্ধ নিরীক্ষা আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), এনবিআর, ঢাকা।
- ০৪। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, আইআরডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

  
(মোঃ আব্দুল আখের)  
সিনিয়র সহকারী প্রধান